দৈনিক ইত্তেফাক

তারিখ 04 MAR 1991
পৃষ্ঠা ৩ কলাম ৫

১৬

# যশোর বোর্ডে ২৮৮৪ জন এইচএসসি পরীক্ষার্থীর বিভিন্ন মেয়াদী শাস্তি

স্টোলা সংবাদদাতা জানান, যশোর শিক্ষা বোর্ডের অধীন ১৯৯০ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অসদুপায় অবলম্বন, দুর্নীতির আশ্রয় গ্রহণ, অসদাচরণ ও বিধি বহির্ভূত কার্যকলাপের দায়ে মোট ২,৮৮৪ জন ছাত্র-ছাত্রীকে বিভিন্ন মেয়াদে শাস্তি প্রদান করা হইয়াছে।

(৫ম পৃঃ দ্রঃ)

## যশোর বোর্ডে

(৩য় পৃঃ পর)

পরীক্ষা পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা ও প্রধান পরীক্ষকদের নিকট হইতে প্রাপ্ত রিপোর্ট বোর্ডের শৃংখলা কমিটি গত ৯-২-৯১ তারিখে অনুষ্ঠিত এক সভায় পুংখানুপুঙ্খরূপে পরীক্ষা ও বিচার বিবেচনার পর উল্লেখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

মোট ১৯২৩ জন ছাত্র-ছাত্রীর ১৯৯০ সালের পরীক্ষা বাতিল করা হইয়াছে। মোট ৮৯৭ জন ছাত্র-ছাত্রীর ১৯৯০ সালের পরীক্ষা বাতিলসহ ১৯৯১ সালের পরীক্ষায় অংশ গ্রহণ হইতে বিরত রাখা হয়। ৬১ জন ছাত্র-ছাত্রীর ১৯৯০ সালের পরীক্ষা বাতিলসহ ১৯৯১ ও ১৯৯২ সালের পরীক্ষায় অংশ গ্রহণ হইতে বিরত রাখা হয়। ১ জন ছাত্রের ১৯৯০ সালের পরীক্ষা বাতিলসহ ১৯৯১, ১৯৯২ ও ১৯৯৩ সালের পরীক্ষায় অংশগ্রহণ হইতে বিরত রাখা হয় এবং ২ জন ছাত্রের ১৯৯০ সালের পরীক্ষা বাতিলসহ ১৯৯১, ১৯৯২, ১৯৯৩ ও ১৯৯৪ সালের পরীক্ষায় অংশগ্রহণ হইতে বিরত রাখা হইয়াছে।